



রপ্তানি উন্নয়ন ব্যুরো  
টিসিবি ভবন  
১, কাওরান বাজার, ঢাকা

নং-২৬.০২.০০০০.০২১.২৫.৫০.২৬২.২১/২২৫

তারিখঃ ১৭-০৫-২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

**বিষয়ঃ UK GSP Scheme (DCTS)-এর আওতায় বাংলাদেশ থেকে পণ্য রপ্তানি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে রপ্তানিকারক প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GSP Scheme-এর আওতায় বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে পণ্যে রপ্তানির বিপরীতে Rules of Origin Certificate প্রদানের (ভেরিফিকেশন)-এর জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো competent authority হিসেবে দায়িত্ব প্রাপ্ত।

০২। যুক্তরাজ্যের GSP Scheme “Developing Countries Trading Systems (DCTS)” ২০২৩ সালের প্রথম দিক থেকে কার্যকর করা হয়েছে। LDC ভুক্ত দেশসমূহের জন্য Rules of Origin (DCTS) <https://www.gov.uk> ওয়েব সাইটে পাওয়া যাবে। রপ্তানিকারকগণের সুবিধার্থে UK GSP Scheme সংক্রান্ত তথ্যাদি ব্যুরোর Website : [www.epb.gov.bd](http://www.epb.gov.bd)-এ Upload করা হয়েছে। DCTS-এর Guidance UK Generalised Scheme of Preferences-এ নিম্নবর্ণিত বিষয়াবলী উল্লেখ করা হয়েছেঃ

- ক) LDC ভুক্ত দেশের রপ্তানিকারকগণ-কে যুক্তরাজ্যে পণ্য রপ্তানিতে GSP (Form-A)-এর ১২ টি বক্সের তথ্য পূরণ করে পণ্যের Rules of Origin প্রতিপালনের ঘোষণা প্রদান করতে হবে। এ ক্ষেত্রে রপ্তানিকারকবৃন্দ মুদ্রণকৃত GSP (Form-A) অথবা ওয়েবসাইট থেকে PDF ফরম ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন;
- খ) GSP (Form-A)-এর Proof of Origin প্রমানের জন্য কোন কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলের প্রয়োজন হবে না। এক্ষেত্রে রপ্তানিকারক নিজেই স্বাক্ষর করবেন ; এবং
- গ) রপ্তানিকারকের Rules of Origin প্রতিপালনের ঘোষণা যাচাইয়ের বা verification কার্যক্রম Competent Authority সম্পাদন করবে।

০৩। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে যুক্তরাজ্য GSP Scheme-এর আওতায় বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে পণ্য রপ্তানিতে রপ্তানিকারক Self Declaration দিলেও Rules of Origin প্রতিপালন সংক্রান্ত ভেরিফিকেশনের জবাব প্রদানের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোকে Competent Authority হিসেবে সরকার কর্তৃক দায়িত্ব প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে ভেরিফিকেশন সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয়াবলী অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হলোঃ

- ক) রপ্তানিকারক প্রতিষ্ঠান-কে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত হতে হবে ; এবং
- খ) বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে ০১ জানুয়ারি ২০২৩ সাল থেকে রপ্তানিকৃত পণ্যের রপ্তানি সংক্রান্ত দলিলাদি ব্যুরোর ([www.epb-exporttracker.gov.bd](http://www.epb-exporttracker.gov.bd)) Link-এ Upload করতে হবে। এ ক্ষেত্রে ইউরোপিয়ান ইউনিয়ন-এর ন্যায় প্রতিটি রপ্তানি দলিল Export Tracker এ দাখিল করার ক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক নির্ধারিত ফি (ভ্যাট-ট্যাক্সসহ) ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) পরিশোধ করতে হবে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়টি আপনার সমিতি/চেম্বার ভুক্ত সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান-কে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

U. Sultana  
29/5/2023

(কুমকুম সুলতানা)

পরিচালক

বিতরণঃ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা। ইমেইল- [fbcci@bol-online.com](mailto:fbcci@bol-online.com).
২. সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ঢাকা, চেম্বার ভবন (৫ তলা) ১২২-১২৪ মতিঝিল বা/এ, ঢাকা।

C:\Users\epb\Desktop\DCTS Letter\DCTS Letter.docx

